

স্মারক নম্বর: ৫৯.১৪.০০০০.১২৯.৩৪.১২১.২৫.

তারিখ:- ০৯/০৩/২০২৫খ্রি:

বিজ্ঞপ্তি


সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজে (শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫) বিডিএস কোর্সে ভর্তির জন্য সাময়িক ভাবে নির্বাচিত ছাত্র/ ছাত্রীগণকে জানানো যাইতেছে যে, আগামী ১৯-০৩-২০২৫ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকল ছাত্র/ ছাত্রীর ভর্তি কার্যক্রম সম্পন্ন হইবে এবং সকাল ০৯.০০ ঘটিকা হইতে ভর্তি ফরম সংগ্রহ করে পূরণ পূর্বক প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হইবে। স্বাস্থ্য মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হইবে।

নিম্নলিখিত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হইবে।

১. Online Application এর রঙিন Student Copy -০১(এক) কপি।
২. সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের Download কৃত রঙিন Admit Card -০১(এক) কপি।
৩. সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের Download কৃত Result Sheet রঙিন ০১ (এক) কপি
৪. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি।
৫. এসএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র এর মূল কপি।
৬. এইচএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এর মূল কপি।
৭. এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/ টেপ্তিমোনিয়াল এর মূল কপি।
৮. জন্মনিবন্ধনের ফটোকপি (মূল কপি দেখাইতে হইবে) -০১(এক) কপি।
৯. জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যদি থাকে) -০১ (এক) কপি।
১০. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার প্রদত্ত মূল নাগরিক সনদপত্র এর মূল কপি।
১১. সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত রঙিন ছবি।
১২. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ- উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র।
১৪. "ও" লেভেল এবং "এ" লেভেল / সমমানের মূল সনদপত্র ও মার্কশীট। ডিজি অফিস থেকে সংগৃহীত Equivalence Certificate এর মূল কপি। ("ও" লেভেল/ "এ" লেভেল / সমমানের পাশকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য)
১৫. উপরোল্লিখিত সনদসমূহ ও কাগজপত্রের সত্যায়িত ফটোকপি ০১ (এক) সেট।

উল্লেখ্য যে, সকল মূল সনদ পত্র সমূহ নিরীক্ষান্তে অধ্যক্ষের কার্যালয়ে জমা রাখা হইবে। নির্ধারিত কমিটি কর্তৃক ভর্তি সংক্রান্ত কাগজপত্র যাচাই- বাছাই করার পর স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলিয়া প্রমাণিত হইলে এবং ভর্তি ফী জমা দেওয়া সাপেক্ষে ভর্তি করা হইবে।


ভর্তির শেষ তারিখ : ২৪-০৩-২০২৫ খ্রিঃ।


অধ্যাক ডা: মো: জিয়াউর রহমান চৌধুরী
অধ্যক্ষ

সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ
টেলিফোন:- ০২৯৯৬৬৩১২৬৮, ০২৯৯৬৬৩৪৬৬৭
Email:- magome@ac.dghs.gov.bd
osmanimedical@gmail.com
তারিখ:- ০৯/০৩/২০২৫খ্রি:

স্মারক নম্বর: ৫৯.১৪.০০০০.১২৯.৩৪.১২১.২৫. ১২২২/৩০
অনুলিপি অবগতি ও বিহিত ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:-

- ১। কলেজ ওয়েব সাইট।
- ২। নোটিশ বোর্ড (কলেজ/ডেন্টাল ইউনিট)।
- ৩। অফিস নথি।


অধ্যাক ডা: মো: জিয়াউর রহমান চৌধুরী
অধ্যক্ষ
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ